

# ভূয়া ও অনুমোদনহীন বিশ্ববিদ্যালয়ের খোঁজে গোয়েন্দা পুলিশ

৯ রাজশাহী অফিস ৯

রাজশাহীসহ উত্তরাঞ্চলে ভূয়া ও অনুমোদনহীন বিশ্ববিদ্যালয়দের বিরুদ্ধে অভিযান শুরু করেছে গোয়েন্দা পুলিশ। গোয়েন্দা পুলিশের একটি সূত্র জানায়, ছাত্রদের দুর্বলতার সুযোগ নিয়ে এক শ্রেণীর প্রতারক চক্র এক দিকে যেমন শিক্ষার্থীদের ভবিষ্যৎ নষ্ট করছে অন্যদিকে হুড়িয়ে নিচ্ছে কোটি কোটি টাকা। সম্প্রতি রাজশাহী মহানগরীর অক্সফোর্ড ট্রেড ইউনিভার্সিটির কথিত কার্ত্তি ভিরেটের আমিনুর রহমান দুলাল, রিবিটের পরিচালক রাকিবুল ইসলাম রেনো, চেয়ারম্যান রফিকুল ইসলাম লালুকে হেফতায় করে তাদের কাছ থেকে চারলাকার তথ্য পাওয়ার পরই গোয়েন্দা পুলিশ এই অভিযান শুরু করেছে।



পুলিশ জানায়, গ্রাইভেট বা বেসরকারি বিশ্ববিদ্যালয়দের আউটার ক্যাম্পাস করার অনুমোদন না থাকলেও অনেক গ্রাইভেট বিশ্ববিদ্যালয় রাজশাহীসহ উত্তরাঞ্চলে পাখা খুলেছে। পুলিশ জানায়, সর্বশেষ বেসরকারি বিশ্ববিদ্যালয়দের আউটার ক্যাম্পাস বন্ধের ব্যাপারে সরকার আগের সিদ্ধান্তই কলং রেখেছে। আউটার ক্যাম্পাস খেলার ব্যাপারে নিষ্কণ্ড ক্যাম্পাস, আলাদা একাডেমিক ভবন এবং সরকারি ফাউন্ডেশন টাকা হমানের ব্যাপারে সিদ্ধান্তটি বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। এই ব্যাপারে সরকার তার অবস্থান এখনো শূন্য করেনি। সরকারের পক্ষ থেকে বলা হয়েছে নতুন ছাত্র ভর্তি বন্ধ রাখতে হবে, আগের ভর্তি ছাত্রদের কোর্স সম্পন্ন করে দিতে হবে কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো তাদের ছাত্র ভর্তি অব্যাহত রেখেছে।

আউটার ক্যাম্পাস খোলার ব্যাপারে শুধুমাত্র আহসানউল্লাহ বিশ্ববিদ্যালয়ের অনুমতি রয়েছে তবে তারা ছাত্র ভর্তি বন্ধ রেখেছে। এছাড়া শান্তা মরিয়াহ ইউনিভার্সিটি ও এশিয়ান ইউনিভার্সিটির দূরশিক্ষণ ক্যাম্পাস খোলার অনুমতি রয়েছে। ব্যক্তিদের কারণে অনুমতি নেই। তবে এদের ব্যাপারে পরিপূর্ণ বোঝা-ববর নেয়া অব্যাহত রয়েছে।

বোঝা নিয়ে জানা গেছে, বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়দের নাম করে এই অঞ্চলে ক্যাম্পাস খুলে ছাত্রদের নানা প্রলোভনে একটি চক্র টাকা হুড়িয়ে নিচ্ছে। এছাড়া তারা বিদেশে পাঠানোর নাম করে ও ছাত্রদের কাছ থেকে টাকা নিয়ে আত্মনয় করছে। নগরীর আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি ও আমেরিকান ওয়ার্ল্ড ইউনিভার্সিটি ছাত্রদের কাছ থেকে টাকা নিয়ে উধাও হওয়ার ঘটনা ঘটেছে। এই বিশ্ববিদ্যালয়দের কর্তৃপক্ষ পড়াশোনার জন্য বিদেশে পাঠানোর নাম করে ছাত্রদের কাছ থেকে টাকা হুড়িয়ে নেয়। পরে রাতারাতি ইউনিভার্সিটিটি উধাও হয়ে যায়। পুলিশ জানায়, গ্রাইভেট বিশ্ববিদ্যালয় ও বেসরকারি ডেবোল কলেজের ব্যাপারেও বোঝা নেয়া হচ্ছে। কতটা সরকারি নিয়মানুযায়ী তারা তাঁদের কার্যক্রম পরিচালনা করছে তা খতিয়ে দেখা হচ্ছে। সর্বকিন্তু পর্যালোচনা করে সরকারের কাছে একটি নোট দেয়া হবে। পরে নির্দেশ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া কেউ যদি এই ধরনের প্রতিষ্ঠানের দ্বারা প্রভাবিত হয়ে থাকে তাহলে মাফলা করলে ঐ প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে পুলিশ শিঙ্কিত করেছে।